# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date: 25.06.2024 Time: 7.50 P.M.**

বিশেষ বিশেষ খবর –

১) স্বাধীন ভারতের ইতিহাসে প্রথমবার লোকসভার অধ্যক্ষ পদে নির্বাচন হতে চলেছে। এন ডি এ-র প্রার্থী ওম বিড়লার বিরুদ্ধে বিরোধী জোট আই এন ডি আই এ-র প্রার্থী হয়েছেন কে সুরেশ। আগামীকাল হবে এই নির্বাচন।

২) বরানগর ও ভগবানগোলা বিধানসভা কেন্দ্রের উপ-নির্বাচনে জয়ী দুই বিধায়ক-কে বিধানসভায় এসে শপথ গ্রহণ করানোর অনুরোধ জানিয়ে, রাজ্যপালকে ফের চিঠি দেওয়া হয়েছে।

৩) বাংলাদেশের সঙ্গে জলবন্টনের ব্যাপারে আলোচনা এবং চুক্তির পুনর্নবীকরণ রাজ্যকে জানিয়েই করা হয়েছে বলে কেন্দ্রের দাবি, খারিজ করেছে রাজ্য সরকার।

৪) মুখ্যমন্ত্রীর কড়া হুঁশিয়ারীর পর কলকাতা সহ রাজ্যের বিভিন্ন শহরে ফুটপাত ও সরকারী জমি জবরদখল মুক্ত করার অভিযান শুরু হয়েছে।

oooooooooooooooooooo

স্বাধীন ভারতের ইতিহাসে প্রথমবার লোকসভার অধ্যক্ষ পদে নির্বাচন হতে চলেছে। প্রবীণ বিজেপি নেতা ওম বিড়লা  এই পদে ক্ষমতাসীন এন ডি এ-র প্রার্থী হচ্ছেন। বিরোধী জোট আই এন ডি আই এ প্রার্থী করেছে আটবারের কংগ্রেস সাংসদ কে সুরেশকে। আগামীকাল অধ্যক্ষ পদে নির্বাচন। সপ্তদশ লোকসভাতেও অধ্যক্ষ ছিলেন ওম বিড়লা। এবারেও তাঁকে সর্বসম্মতভাবে অধ্যক্ষ নির্বাচিত করতে সরকার পক্ষ কংগ্রেস সহ বিভিন্ন বিরোধী দলের নেতৃত্বের সঙ্গে কথা বললেও কোন ঐকমত্য হয়নি। উপাধ্যক্ষ পদটি  বিরোধীদের জন্য ছেড়ে দিলে তবেই, অধ্যক্ষ পদে ওম বিড়লাকে তাঁরা সমর্থন করবেন বলে কংগ্রেস নেতা রাহুল গান্ধী স্পষ্ট জানিয়ে দেন।

এদিকে, কে সুরেশের প্রার্থীপদ নিয়ে কংগ্রেস তাদের সঙ্গে কোন আলোচনা করেনি বলে তৃণমূল কংগ্রেস সাংসদ অভিষেক ব্যানার্জী জানিয়েছেন। আজ সংসদ ভবনের বাইরে এনিয়ে সাংবাদিকরা তাঁকে প্রশ্ন করলে অভিষেক বলেন, এই সিদ্ধান্ত একতরফা। এব্যাপারে তৃণমূল কংগ্রেসের সঙ্গে কোন যোগাযোগ করা হয়নি।

উল্লেখ্য, অষ্টাদশ লোকসভায় শাসক জোট এন ডি এ-র সদস্য সংখ্যা ২৯৩। বিরোধী জোটের সাংসদ রয়েছেন ২৩২ জন।

অষ্টাদশ লোকসভার প্রথম অধিবেশনের দ্বিতীয় দিনে আজও সাংসদদের শপথ গ্রহণ পর্ব চলে। পশ্চিমবঙ্গ থেকে নির্বাচিত ৩৭ জন সাংসদ আজ শপথ নিয়েছেন। তাদের মধ্যে ছিলেন তৃণমল কংগ্রেসের ২৬, বিজেপি-র ১০ এবং কংগ্রেসের ১ জন। তৃণমূল কংগ্রেসের তিন সাংসদ - বসিরহাটের – হাজি নরুল ইসলাম, ঘাটালের দীপক অধিকারী এবং আসানসোলের শত্রুঘ্ন সিনহা আজ শপথ নেননি। গতকালই শপথ নিয়েছেন, রাজ্যের দুই বিজেপি সাংসদ, কেন্দ্রীয় প্রতিমন্ত্রী – সুকান্ত মজুমদার ও শান্তনু ঠাকুর।

oooooooooooooooooooo

বরানগর ও ভগবানগোলা বিধানসভা কেন্দ্রের উপ-নির্বাচনে জয়ী দুই তৃণমূল কংগ্রেস প্রার্থী সায়ন্তিকা বন্দ্যোপাধ্যায় এবং রেয়াত হোসেন সরকার-কে শপথগ্রহণ – কে এবং কোথায় করাবেন, তা নিয়ে আজও চূড়ান্ত সিদ্ধান্ত হয়নি। বিধানসভায় এসে তাদের শপথ গ্রহণ করানোর অনুরোধ জানিয়ে, রাজ্যপাল সিভি আনন্দ বোসকে ফের চিঠি দিয়েছেন দুই বিধায়ক। চিঠিতে বলা হয়েছে, আগামীকাল বিধানসভায় বেলা ১২-টা থেকে বিকেল ৪-টে পর্যন্ত রাজ্যপালের জন্য অপেক্ষা করবেন তাঁরা। আজ বিকেলে নব নির্বাচিত দুই বিধায়ক অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায়ের সঙ্গে দেখা করেন।

পরে সাংবাদিকদের অধ্যক্ষ বলেন, রাজ্যপালের উচিত বিধানসভায় এসে দুই বিধায়ককে শপথবাক্য পাঠ করানো।

(বাইট - বিমান)

দুই বিধায়কের আনুষ্ঠানিক শপথ না হলে কোন সাংবিধানিক সঙ্কট হবে কিনা, জানতে চাওয়া হলে তিনি বলেন, ১৯৭২ সালে জ্যোতি বসুর নেতৃত্বে সি পি আই এম সদস্যরা শপথ না নিয়ে বিধানসভা বয়কট করেছিলেন। কিন্তু তাঁদের বিধায়ক পদ খারিজ হয়নি।

oooooooooooooooooooo

বাংলাদেশের সঙ্গে গঙ্গার জল বন্টন চুক্তির পুনর্নবীকরণ ও তিস্তার জল বন্টনের পর্যালোচনা রাজ্যকে জানিয়েই করা হয়েছে বলে কেন্দ্রীয় সরকারের দাবি, রাজ্য সরকার খারিজ করে দিয়েছে। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির প্রধান উপদেষ্টা আলাপন বন্দ্যোপাধ্যায় আজ নবান্নে জানান, তিস্তার জল বন্টন চুক্তি নিয়ে আলোচনা করতে ২০২৩ সালে জলশক্তি মন্ত্রক ১২ সদস্যের টেকনিক্যাল কমিটি গঠন করে। তাতে পশ্চিমবঙ্গ সরকারের একজন চিফ

ইঞ্জিনিয়ারকে রাখা হয়েছিল। গত ১১ই জুন সেই কমিটি কেন্দ্রীয় জল কমিশনকে তাদের রিপোর্ট দেয়।

(BYTE - আলাপন বন্দ্যোপাধ্যায়)

যা জলশক্তি মন্ত্রকে জমা পড়ে। কিন্তু সেখানে দু একটি পদ্ধতিগত খুঁটিনাটি ছাড়া রাজ্যের মত নেওয়া হয়নি। মুখ্যমন্ত্রী গতকাল চিঠি দিয়ে প্রধানমন্ত্রীকে জলবণ্টন নিয়ে যেসব গুরুত্বপূর্ণ সমস্যার কথা তুলে ধরেছেন সেসবের কিছুই জলশক্তি মন্ত্রকের নজরে ছিল না। তারা সে সম্পর্কে রাজ্য সরকারকে কোনও কিছুই জানায়নি। কেন্দ্র ও রাজ্যে নীতি নির্ধারক কোনও কমিটিতেই ভারত-বাংলাদেশ জলচুক্তি নিয়ে কোনও কথা বা আলোচনা হয়নি বলেও আলাপন বাবু দাবি করেন।

oooooooooooooooooooo

পুর পরিষেবার মান এবং ফুটপাথ, সরকারী জমির জবরদখল নিয়ে মুখ্যমন্ত্রীর কড়া হুঁশিয়ারির পরই কলকাতা সহ রাজ্যের বিভিন্ন শহরে পুলিশের দখলমুক্তি অভিযান শুরু হয়েছে। সঙ্গে রয়েছেন পুরসভার আধিকারিক ও কাউন্সিলাররা।

সল্টলেকের সেক্টর ফাইভে কলেজ মোড় এলাকায় অভিযান চলে ফুটপাত জুড়ে গজিয়ে ওঠা ফুড স্টল ও অন্যান্য দোকানের বিরুদ্ধে। গড়িয়াহাট, হাতিবাগান, যদুবাবুর বাজার ইত্যাদি জায়গাতেও ফুটপাথ দখলমুক্ত করার অভিযান হয়েছে। নিউ মার্কেট থানার সামনে ফুটপাত দখল করে ব্যবসা চালানো হকারদের জায়গা খালি করে দিতে বলা হয়।

আসানসোল দুর্গাপুর উন্নয়ন কর্তৃপক্ষের উদ্যোগে এই অভিযান চালানো হয় আসানসোল ও দুর্গাপুর পৌর এলাকায়।

কোচবিহার শহরের বিভিন্ন এলাকায় আজ জবরদখলকারীদের উচ্ছেদ অভিযানে নামে পুলিশ। রাসমেলা ময়দান চত্বর এবং মহিষবাথান এলাকায় বেশ কিছু জবরদখল উচ্ছেদ করা হয়। আগামীকাল থেকে লাগাতার এই অভিযান চলবে বলে জেলা পুলিশ সুপার দ্যুতিমান ভট্টাচার্য জানিয়েছেন।

বিশেষ অভিযানের অঙ্গ হিসেবে হাওড়া সিটি পুলিশের অধীন প্রধান রাস্তাগুলিতে বে-আইনী পার্কিং-এর ২৮৩-টি মামলা রুজু করা হয়েছে। মূলত শালিমার এলাকা, জি আর রোড, হাওড়া স্টেশন লাগোয়া এলাকা, ডবসন রোড, বেলিলিয়াস রোড, কদমতলা, বাঁকড়া ইত্যাদি এলাকা থেকে সরানো হয়েছে অবৈধ পার্কিং। জবরদখলকারী হকারদের উচ্ছেদের ব্যবস্থাও নেওয়া হয়েছে বলে পুলিশের তরফে জানানো হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০

পুর এলাকায় বিভিন্ন অনিয়ম নিয়ে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি তীব্র উষ্মা প্রকাশ করার পর সরকারি জমি রক্ষায় একাধিক নির্দেশিকা জারি করা হয়েছে। সরকারি জমিতে, রাজ্য সরকার এই জমির মালিক উল্লেখ করে সাইনবোর্ড লাগাতে হবে জানিয়ে সব জেলার জেলাশাসক ও পুলিশ সুপারদের নির্দেশ দেওয়া হয়েছে। বি এল আর ও এবং ডি এল আর ও অফিসের সামনে দালালদের ঘোরাফেরা বন্ধ করতে হবে। জমিগুলোর কি অবস্থা রয়েছে তা কিছুদিন অন্তর পরিদর্শন করে ছবি তুলে পাঠাতে হবে বলে জানানো হয়েছে। পাশাপাশি নদী থেকে বালি তোলার ক্ষেত্রেও কিছু নিষেধাজ্ঞা জারি করা হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০

বাংলাদেশী জঙ্গী সংগঠন আনসার আল ইসলামের শাহাদাত মডিউলের মূলচক্রী সন্দেহে ধৃত কলেজ পড়ুয়া মহম্মদ হাবিবুল্লাকে জেরা করে রাজ্য

পুলিশের এস টি এফ, হারেজ শেখ নামে আরও এক সন্দেহভাজনকে গ্রেফতার করেছে। হাওড়া স্টেশন চত্ত্বর থেকে আজ ভোরে তাকে ধরা হয়।

দুর্গাপুর এসিজেএম  আদালতে তোলা হলে ১৪ দিনের এস টি এফ হেফাজত হয়েছে হারেজের। হারেজ শেখের বাড়ি, নবদ্বীপ থানার মোল্লাপাড়ায়।

পশ্চিম বর্ধমানের কাঁকসা থেকে হাবিবুল্লাকে গ্রেফতার করার পর এরাজ্যে আনসার আল ইসলামের কার্যকলাপ নিয়ে তাকে দফায় দফায় জেরা করছে এস টি এফ।

oooooooooooooooooooo

পশ্চিম মেদিনীপুরের খড়গপুর শহরের ১৫ নম্বর ওয়ার্ডে মথুরাকাটিতে তৃণমূল কংগ্রেসের পার্টি অফিসের সামনে দুষ্কৃতিরা আজ গুলি চালালে বি সন্তোষ নামে দলের এক কর্মী গুরুতর আহত হন। তাকে প্রথমে খড়গপুর মহকুমা হাসপাতাল এবং তারপর মেদিনীপুর মেডিকেল কলেজ হাসপাতালে নিয়ে যাওয়া হয়। জানা গেছে, ওই ব্যক্তি পার্টি অফিসের সামনে দলের কর্মী-সমর্থকদের সঙ্গে কথা বলছিলেন। আচমকা তিন দুষ্কৃতি এসে বি সন্তোষকে লক্ষ্য করে কয়েক রাউন্ড গুলি ছুঁড়ে পালিয়ে যায়। কি কারনে এই হামলা, তা এখনও স্পষ্ট নয়।

সিসি ক্যামেরার ফুটেজ সংগ্রহ করে তদন্ত শুরু করেছে খড়গপুর টাউন থানার পুলিশ।

ooooooooooooooooooo

মুর্শিদাবাদের সামশেরগঞ্জে এক তৃণমূল কংগ্রেস কর্মীর খুনের ঘটনায় চাঞ্চল্য ছাড়িয়েছে। নিহত তৃণমূল কর্মীর নাম সুরজ শেখ। পুরনো বিবাদের জেরে ইট দিয়ে আঘাত করে তাকে খুন করা হয় বলে অভিযোগ।

০০০০০০০০০০০০০০০০০০০

মধ্য কলকাতার বড়বাজারের ঘিঞ্জি এলাকার মেহেতা বিল্ডিং-এ আজ বিকেলে আগুন লাগলে আতঙ্ক ছড়ায় । দমকলের ১০-টি গাড়ি আগুন নিয়ন্ত্রণে আনে সন্ধ্যা ৭-টা নাগাদ। বাড়িটির চারতলায় একটি রাসায়নিকের গুদামে আগুন লাগে। এই ভবনে ওষুধের বহু পাইকারী দোকান রয়েছে। বৈদ্যুতিন পণ্যের অনেক দোকানও রয়েছে বাড়িটিতে। আগুন লাগার পরই বহুতলের বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করে দেওয়া হয়।

খবর পেয়ে ঘটনাস্থলে যান দমকলমন্ত্রী সুজিত বসু।

০০০০০০০০০০০০০০০০০০০০০

দক্ষিণ ২৪ পরগনার পাথরপ্রতিমার জি-প্লটে গোবদিয়া নদীতে বাবার সঙ্গে কাঁকড়া ধরার সময় কুমিরে টেনে নিয়ে যাওয়া ছেলেকে আজ সন্ধে পর্যন্ত উদ্ধার করা সম্ভব হয়নি। গতকাল বিকেলে বাবা-ছেলে বঁড়শি দিয়ে কাঁকড়া ধরার সময় আচমকাই কুমিরটি বছর ১৩-র মানিক ভক্তার, পা কামড়ে ধরে এবং নদীতে টেনে নিয়ে যায়। সেই সময় নদীতে জোয়ার ছিল। এই খবরে এলাকায় আতঙ্ক ছড়ায়। মানিকের খোঁজে রামগঙ্গা রেঞ্জের বনকর্মীরা পুলিশকে সঙ্গে নিয়ে লঞ্চে শুরু করে তল্লাশি। কিন্তু এখনও তার সন্ধান মেলেনি। সুন্দরবনের যে এলাকায় এই ঘটনা ঘটে, তার পাশেই রয়েছে ভগবতপুর কুমির প্রকল্প।

০০০০০০০০০০০০০০০০০০

কলকাতা প্রিমিয়ার লিগ ফুটবল আজ শুরু হয়েছে। যাদবপুরের কিশোরভারতী ক্রীড়াঙ্গণে প্রথম ম্যাচে মহামেডান স্পোর্টিং ডায়রি এথলেটিক

ক্লাবের মুখোমুখি হয়েছে। একটু আগে পাওয়া খবরে জানা গেছে, খেলা গোলশূন্য রয়েছে।

oooooooooooooooooooo

oooooooooooooooooo